# বাংলাদেশ নির্বাচন কমিশন

**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১

তারিখঃ ২৮ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ
১৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ

## পরিপত্র-৩

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ উপলক্ষ্যে তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদসমূহে নিয়োগ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২০ মে ২০২২** হতে পরবর্তী **৩ (তিন) সপ্তাহ অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ** ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে চলমান রাখার বিষয়ে মাননীয় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, **২০০৭ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের** এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের নিবন্ধনের জন্য তথ্য সংগ্রহ করা হবে। উল্লেখ্য, সাথে যাঁদের জন্ম ০১/০১/২০০৬ ও ০১/০১/২০০৭ তাদেরও যথাসময়ে নিবন্ধনের জন্য অগ্রিম তথ্য সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তরের বিষয়েও কার্যক্রম গৃহিত হবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদসমূহে নিয়োগদান কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা প্রয়োজন।

২। ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে গড়ে বিদ্যমান ২৫০০ (দুই হাজার পাঁচশত) জন ভোটারের জন্য একজন করে তথ্য সংগ্রহকারী এবং প্রতি ৫ (পাঁচ) জন তথ্যসংগ্রহকারীর জন্য ১(এক) জন করে সুপারভাইজার নিয়োগ করতে হবে। ভোটার এলাকার সাথে সমন্বয় সাধন এবং ভৌগোলিক, প্রাকৃতিক, প্রশাসনিক, ভোটার এলাকার বিন্যাস ও অন্যান্য কারণে উল্লিখিত সংখ্যার হ্রাস বা বৃদ্ধি হতে পারে। বিশেষ করে ভোটার এলাকা অখন্ড রাখার লক্ষ্যে উক্ত সংখ্যা কম-বেশী হতে পারে। ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৪(৫) অনুসারে নিম্নেবর্ণিত কর্মকর্তা/কর্মচারী ও ব্যক্তিবর্গের মধ্য হতে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করবেনঃ-

**(ক) তথ্য সংগ্রহকারী নিয়োগ :**

(অ) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের কর্মচারী;
(আ) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার শিক্ষক বা সহকারী শিক্ষক বা কমর্চারী;
(ই) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক বা কমর্চারী;
(ঈ) সরকারি পৃষ্ঠপোষকতায় বা সহায়তায় প্রতিষ্ঠিত বিভিন্ন অফিস বা সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মচারী ও সরকার কতৃর্ক অনুমোদিত কিন্ডারগার্টেন ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারী।

**(খ) সুপারভাইজার নিয়োগ :**

(অ) সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের কর্মকর্তা;
(আ) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসার শিক্ষক ও কর্মকর্তা;
(ই) সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সিনিয়র শিক্ষক ও কর্মকর্তা।

এখানে উল্লেখ্য যে, তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগের বিধানে বর্ণিত "কর্মকর্তা" বলতে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং "কর্মচারী" বলতে তৃতীয় শ্রেণীর কর্মচারী বুঝাবে।

৩। **বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান হতে কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকদের তালিকা সংগ্রহ :** উল্লিখিত বিধান অনুসারে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ প্রদানের লক্ষ্যে উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার বিভিন্ন সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসা, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীদের নামের তালিকা সংগ্রহ করবেন।

৪। **তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগে প্যানেল প্রস্তুত :** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্যানেল প্রস্তুত করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা, কর্মক্ষমতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার দিকে অবশ্যই লক্ষ্য রাখতে হবে। তাঁদের কর্মদক্ষতা, কর্মক্ষমতা, সততা, সাহস এবং নিরপেক্ষতার উপরই নির্ভুল ভোটার তালিকা অনেকাংশে নির্ভরশীল। তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্যানেল প্রস্তুতের সময় যথাসম্ভব তাদের পদমর্যাদা, জ্যেষ্ঠতা, বেতনস্কেল ও মূল বেতন বিবেচনা করতে হবে। প্রয়োজনে প্যানেল অন্তর্ভুক্তদের ব্যক্তিগত বিষয়াদি যেমন-তার শারীরিক, মানসিক অবস্থা, বয়স বা অন্য কোন কর্মব্যস্ততা সম্পর্কিত তথ্য সংগ্রহ করে তালিকায় চিহ্নিত করে রাখতে হবে।

৫। **দক্ষ ও অভিজ্ঞ তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করা :** তথ্য সংগ্রহকারীর দক্ষতার উপর ভোটার তালিকার নির্ভুলতা অনেকাংশে নির্ভর করে। এ ক্ষেত্রে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের সময়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিতদের মধ্য হতে প্যানেলভুক্ত দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন তথ্য সংগ্রহকারী যাচাই করতঃ চূড়ান্ত নিয়োগ প্রদান করতে হবে। সুপারভাইজার নিয়োগের জন্য পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন এবং যোগ্য সরকারি কর্মকর্তা/কর্মচারী ও সরকারি স্কুলের শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে। যদি প্রয়োজনীয় সংখ্যক জনবল পাওয়া না যায়, তবে উল্লিখিত অন্যান্য পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকদের মধ্য হতে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করতে হবে। বয়স্ক, অদক্ষ, অপারদর্শী এবং রাজনৈতিক দলের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত ব্যক্তিবর্গকে কোনক্রমেই তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ করা যাবে না। দক্ষ, কর্মঠ ও স্থানীয় বা সংশ্লিষ্ট এলাকায় দীর্ঘদিন ধরে কর্মরতদের এক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

৬। **তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারগণের দায়িত্ব পালন ও প্রশিক্ষণঃ** ভোটারদের বাড়ি বাড়ি গমনপূর্বক তথ্য সংগ্রহের কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার জন্য বিধি ও উল্লিখিত নির্দেশনা অনুসারে তথ্য সংগ্রহকারী এবং সুষ্ঠুভাবে যাচাইকাজের জন্য সুপারভাইজার নিয়োগ সংক্রান্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নিয়োগ এবং প্রশিক্ষণ কার্যক্রম পর্যায়ক্রমিকভাবে হবে। নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধীনে এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে।

৭। **টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার নিয়োগে প্যানেল প্রস্তুত এবং প্যানেল হতে নিয়োগ :** ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৬(২) ধারা এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ৪(৭) বিধি অনুযায়ী পরিশিষ্ট-২ এ বর্ণিত বাছাই কমিটির মাধ্যমে টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতে হবে এবং প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে লোকবল নিয়োগ দিতে হবে। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে একই কার্যক্রমের জন্য অন্য জেলা কর্তৃক প্যানেলকৃত তালিকা হতে উল্লিখিত পদে নিয়োগ করা যাবে।

৮। **রেজিস্ট্রেশন টিম** : প্রতি উপজেলায় ১ (এক)টি রেজিস্ট্রেশন টিম থাকবে। টিমে ৪ জন ডাটা এন্ট্রি অপারেটর, ১ জন টিম লিডার, ২ জন প্রুফ রিডার এবং ১ জন ডাটা এন্ট্রি হেলপার নিয়োগদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তবে উপজেলার আয়তন এবং ভোটার সংখ্যা অধিক হলে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার প্রয়োজনবোধে একাধিক রেজিস্ট্রেশন টিম গঠন করতে পারবেন। একটি টিম গড়ে প্রতিদিন ৩০০ জন ভোটারের ডাটা এন্ট্রি করবে।

৯। তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদসমূহে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে তাদের সম্মানী ভাতা পরিশোধের জন্য প্রত্যেকের ব্যাংক হিসাব নম্বর প্রেরণ করতে হবে। এজন্য একই সাথে তাদের নিকট হতে ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর/মোবাইল ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের শাখা ও নাম সংগ্রহপূর্বক নিয়োগ পত্রের একটি কপি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগে প্রেরণ করতে হবে।

২৮/০৬/২০২২

(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

উপজেলা/থানা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার,.............................(সকল)।

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব, ..................................................................(সকল মন্ত্রণালয়/বিভাগ)
৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ।
৫। মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই/আনসার ও ভিডিপি/কোস্ট গার্ড/বর্ডার গার্ড/, ঢাকা
৬। বিভাগীয় কমিশনার,..................................................(সকল)
৭। উপ মহাপুলিশ পরিদর্শক, ........................................(সংশ্লিষ্ট রেঞ্জ)
৮। মেট্রোপলিটন পুলিশ কমিশনার,.....................মেট্রোপলিটন পুলিশ।
৯। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১০। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক শিক্ষা/উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
১১। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩। যুগ্মসচিব ও পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
১৪। যুগ্মসচিব ও পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১৬। পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৭। জেলা প্রশাসক,.........................................(সকল)
১৮। পুলিশ সুপার,.............................................(সকল)

১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ........................................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
২০। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, .......................সার্কেল (সংশ্লিষ্ট)
২১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,...........................(সকল)
২২। পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,................................জেলা/অঞ্চল (সংশ্লিষ্ট)
২৩। উপপরিচালক, আইডিয়া-২ প্রকল্প, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
২৪। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫। উপজেলা চেয়ারম্যান .......................................(সংশ্লিষ্ট)
২৬। জেলা প্রাণি সম্পদ/মৎস্য অফিসার,.....................(সংশ্লিষ্ট)
২৭। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ............(সংশ্লিষ্ট)
২৮। জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি........................(সংশ্লিষ্ট)
২৯। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার,.......................(সকল)
৩০। উপজেলা নির্বাহী অফিসার, ..........................(সংশ্লিষ্ট)
৩১। সার্কেল অফিসার, তেজগাঁও সার্কেল, ঢাকা
৩২। সহকারী কমিশনার (ভূমি), ..........................(সংশ্লিষ্ট)
৩৩। মেয়র,..............................পৌরসভা
৩৪। সিনিয়র সহকারী/সহকারী পুলিশ সুপার,..............................সার্কেল (সংশ্লিষ্ট)
৩৫। কাউন্সিলর, ...............সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,...................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
৩৬। জেলা তথ্য/শিক্ষা/প্রাথমিক শিক্ষা অফিসার/মহিলা বিষয়ক কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট)
৩৭। জেলা/আঞ্চলিক পরিসংখ্যান কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট)
৩৮। উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, ..........................(সংশ্লিষ্ট)
৩৯। উপজেলা কৃষি/প্রাণি সম্পদ/মৎস্য/শিক্ষা/পরিবার পরিকল্পনা/পরিসংখ্যান/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্ত/ আনসার ও ভিডিপি/সমবায়/সমাজ সেবা/প্রকল্প বাস্তবায়ন অফিসার, ..........................(সংশ্লিষ্ট)
৪০। উপজেলা প্রকৌশলী, ..........................(সংশ্লিষ্ট)
৪১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ................ (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪৩। একান্ত সচিব, সচিব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট)।

২৮/৬/২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৪৪।

## ভোটার তালিকা হালনাগাদ-২০২২ কার্যক্রম উপলক্ষে জনবল নিয়োগের জন্য বাছাই কমিটি গঠন ও কর্ম পরিধি সংক্রান্ত

ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদে নিয়োগের জন্য ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৬(২) ধারা এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৪(৭) অনুযায়ী গঠিত বাছাই কমিটি :-

| | | |
|---|---|---|
| ০১) | সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার | সভাপতি |
| ০২) | সহকারী প্রোগ্রামার, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়/প্রশিক্ষক, উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ০৩) | সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার | সদস্য-সচিব |

কমিটির কর্ম পরিধি :

ব্যবহারিক পরীক্ষা গ্রহণ শেষে টিম লিডার, ডাটা এন্ট্রি অপারেটর, টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট, প্রুফ রিডার এবং ডাটা এন্ট্রি হেলপার পদে নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত এবং প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে লোকবল নিয়োগ। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে একই কার্যক্রমের জন্য অন্য জেলা কর্তৃক প্যানেলকৃত তালিকা হতে উল্লিখিত পদে নিয়োগ করা যাবে।

# ছবিযুক্ত ভোটার তালিকা প্রস্তুত উপলক্ষে-২০২২

তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারদের নিয়োগপত্র

জেলা.............................................উপজেলা/থানা............................................................

ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন......................................................ওয়ার্ড................

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৬(২)(খ)-এ প্রদত্ত ক্ষমতাবলে আমি.........................
.............................................রেজিস্ট্রেশন অফিসার নিম্নে উল্লিখিত ছকের ৩নং কলামে বর্ণিত ভোটার এলাকাসমুহের ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রমের জন্য ১নং কলামে বর্ণিত ব্যক্তিকে সুপারভাইজার এবং ২নং কলামে বর্ণিত ব্যক্তিগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত ভোটার এলাকার জন্য তথ্য সংগ্রহকারী হিসাবে নিয়োগ করলামঃ-

| সুপারভাইজারের নাম, পেশা/পদবী ও ঠিকানা<br>[বর্তমান, স্থায়ী ও পেশাগত ঠিকানা] | তথ্য সংগ্রহকারীর নাম, পেশা/পদবী ও ঠিকানা<br>[বর্তমান, স্থায়ী ও পেশাগত ঠিকানা] | ভোটার এলাকার নাম<br>(গ্রাম/মহল্লা/সড়ক) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ১।<br>২।<br>৩।<br>৪। | |

.........................................
রেজিস্ট্রেশন অফিসারের স্বাক্ষর

---

## প্রাপ্তিস্বীকার ও অংগীকারনামা

(এ অংশটুকু রেজিস্ট্রেশন অফিসারকে ফেরত দিতে হবে)

আমি নিম্নস্বাক্ষরকারী তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার উপরে বর্ণিত নিয়োগ সানুগ্রহে গ্রহণ করে অংগীকার করছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব সর্ব প্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হতে মুক্ত থেকে সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য ভোটার তালিকা আইন, ২০০৯ ও ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর সংশ্লিষ্ট অন্যান্য আইন/বিধি অনুযায়ী দায়ী থাকিব।

.........................................................
তথ্য সংগ্রহকারী/সুপারভাইজারের নাম ও স্বাক্ষর

তারিখঃ-.....................................